8994                                                        1-08473/11

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL                                        A 213374


[illegible] that the document is admitted to registration. The signature sheets and the endorsement sheets attached with this document are the part of this document.

[illegible] South [illegible]

2 NOV 2011



Sukumar Ghosh



Sabyen Ghosh

Sukumar Ghosh
Satyen Ghosh

Ashirbad Reality Pvt. Ltd
Director

## দানপত্র দলিল
************

**দানপত্র গ্রহীতা :-** শ্রী সত্যেন ঘোষ, পিতা শ্রী সুকুমার ঘোষ, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - ব্যবসা, সাকিন - ১ নং বিধান লেন, পূর্বাচল, থানা - কসবা হাল গড়ফা, কোলকাতা - ৭০০ ০৭৮, জেলা - দক্ষিণ ২৪ পরগণা।

---

**দানপত্র দাতা :-** শ্রী সুকুমার ঘোষ, পিতা স্বর্গীয় অশ্বিনী কুমার ঘোষ, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক

No. 2653 Rs. 5000/- Date 31/10/11
Name Sukumar Ghosh
Address 9, Purbachal Bidhan Lane. Kol-78.
Vendor Sri Subhankar Dal
Alipore Collectorate
(South)

SUBHANKAR DAS
STAMP VENDOR
Alipore Court, Kol-27

Sukumar Ghosh

Sukumar Ghosh

Office of the Dist. Sub-Registrar

Satyen Ghosh

Identified by me
Soumen Bhattacharya Adv
2/2/1 Nakul Bhattacharjee Street Kolkata - 700026

Addl. Dist. Sub-Registrar
2 NOV 2011

Ashirbad Reality Pvt.Ltd
Director

পেশা - অবসরপ্রাপ্ত, সাকিন - ১ নং বিধান লেন, পূর্বাচল,
থানা - কসবা হাল গড়ফা, কোলকাতা - ৭০০ ০৭৮,
জেলা - দক্ষিণ ২৪ পরগণা ।

---

কন্যা দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, পরগণা - খাসপুর, থানা - কসবা হাল গড়ফা, এ.ডি.এস.আর - শিয়ালদহ, ডি. আর. আলিপুর, হাল কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৬ নম্বর ওয়ার্ডের অন্তর্গত এবং জেলা কালেক্টারীর ১৫৫ নম্বর তৌজি ভুক্ত, রে: সা: নম্বর - ২, জে: এল: নম্বর - ১২, মৌজা - গড়ফা গ্রামে, সি. এস. ৮৫৭ ও ৮২১ নম্বর খতিয়ানে লিখিত ১৪০৫ নম্বর দাগস্থিত আর. এস. ১৫৪১ ও ১৫৪২ নম্বর খতিয়ানে লিখিত ২৪৪০ নম্বর দাগস্থিত জমি তাহার মধ্যে ৬ (ছয়) কাঠা জমি জমা আমার অধুনা স্বর্গীয়া মাতা ঠাকুরানী শৈল বালা ঘোষ, স্বামী স্বর্গীয় অশ্বিনী কুমার ঘোষ মহাশয়া তাঁহার জীবদ্দশায় বিগত ইংরাজী ২৬/০২/১৯৬৫ তারিখে আলিপুর সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১ নম্বর বহির, ৪৬ নম্বর ভলুমের, ৫৮ নং হইতে ৫৯ নং পাতায় লিপিবদ্ধ ইংরাজী ১৯৬৫ সালের ১৫৭৫ নম্বর এককেতা সাফ কোবালা দলিল মূলে উপযুক্ত পণ মূল্যে উহার পূর্বতন স্বত্বাধিকারিনী শ্রীমতী পূর্ণিমা নন্দী স্বামী শ্রী হরিহর নন্দী, সাকিন - ২৭ নং কে.পি. রায় লেন, ঢাকুরিয়া, থানা তৎকালীন যাদবপুর, জেলা তৎকালীন ২৪ পরগণা, মহাশয়ার নিকট হইতে খরিদ করিয়া উক্ত নিরূঢ় স্বত্বে ভোগ দখলিকারিনী থাকাকালীন উক্ত সম্পত্তির মধ্য হইতে দক্ষিণার্ধে কমবেশী ৩ কাঠা জমি জমা আমার স্ত্রী শ্রীমতী লক্ষ্মী রানী ঘোষ মহাশয়াকে বিগত ইংরাজী ২৮/১১/১৯৭২ তারিখে জয়েন্ট সাব রেজিস্ট্রার

Ashirbad Reality Pvt.Ltd
Director

আলিপুর, এ্যাট আলিপুর অফিসে রেজিস্ট্রীকৃত ১ নম্বর বহির, ১৬ নম্বর ভল্যুমের, ২৩০ নং হইতে ২৩৩ নং পাতায় লিপিবদ্ধ ইংরাজী ১৯৭২ সালের ৪৫৫১ নং একবেতা কোবালা দলিল মূলে বিক্রয় করা বাদে বক্রী উত্তরার্দ্ধের কমবেশী ৩ কাঠা জমি জমাতে খাসে ভোগবতী ও দখলে মালিক দখলিকারিনী থাকা অবস্থায় উক্ত সম্পত্তিতে আমাকে অর্থাৎ এই দানপত্র দাতাকে একমাত্র পুত্র উত্তরাধিকারী ওয়ারিশান রাখিয়া বিগত ইংরাজী ১৮/০৮/১৯৭৮ তারিখে পরলোক গমণ করিলে পর হিন্দু উত্তরাধিকারী আইন মোতাবেক উহা আমি একক নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া তদুপরি একখানা কাঁচা গৃহাদি নির্মাণ করত: উহা দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন অফিসে নিজ নামে পত্তন করত: ৩১-১০৬-১৬-০৬৮৪-৫ এ্যাসেসী নং অধীন ৬৮৪ পূর্বাচল মেইন রোড, কলকাতা - ৭০০ ০৭৮, প্রেমিসেস নং ভুক্তে উপযুক্ত ট্যাক্সাদি আদায়ে এযাবৎকাল উহাতে খাসে ভোগবান ও দখলে মালিক দখলিকার নিয়ত: আছি ও হইতেছি। যাহার ডাক সাকিন - ৯/১, বিধান লেন, পূর্বাচল, থানা - কসবা, কলকাতা - ৭০০ ০৭৮, হইতেছে।

বর্ত্তমানে আমার বয়স আনুমানিক ৭৬ বৎসর হইবে। বার্দ্ধক্য জনিত কারনে প্রায়শ:ই কষ্ট পাই। মানসিক ভাবে এখনও সম্পূর্ণ সুস্থ আছি এবং চলাফেরা করিতে পারি, কিন্তু এ বয়সের কোন বিশ্বাস নাই, কখন যে জীবনের অন্তিম সময় উপস্থিত হইবে জানি না, তবে বুঝিতে পারিতেছি আমার জীবনের অন্তিম সময় আসন্ন।

আমার দুইটি পুত্র সন্তান, জ্যেষ্ঠ পুত্র শ্রীমান সত্যেন ঘোষ এবং কনিষ্ঠ পুত্র শ্রীমান প্রভাত ঘোষ। আমার চারিটি কন্যা সন্তান। তাহাদিগকে যথাসম্ভব দান-সামগ্রী প্রদানে সৎপাত্রে বিবাহ দিয়াছি। তাহারা তাহাদের নিজ নিজ স্বামী গৃহে নিজ নিজ সন্তান-সন্ততি লইয়া সংসার জীবন-যাপন

পৃ: - ৪.

Ashirbad Reality Pvt.Ltd
Director

Satyen Ghosh

করিতেছে। তাহাদের কোন অভাব অভিযোগ নাই। আমার ও আমার বৃদ্ধা স্ত্রীর প্রতি আমাদের উক্ত কথিত জ্যেষ্ঠ পুত্র শ্রীমান সত্যেন ঘোষের ব্যবহার অতিব সুলভ এবং সে আমাদের সদা সর্বদা খেয়াল রাখে, তথা আমাদেরকে পরম ভক্তি ও শ্রদ্ধা করে ও যথেষ্ট অর্থাদি ব্যয়ে আমাদেরকে সেবাযত্ন করিয়া আসিতেছে। তাহার নিজস্ব কোন স্থায়ী গৃহাদি না থাকিবার জন্য আমি আমার প্রতি তাহার অদ্যাবধি ভক্তি ও শ্রদ্ধাতে প্রসন্ন চিত্ত হইয়া আমার উপরোক্ত সম্পত্তির মধ্য হইতে এত তপশীল বর্ণিত কমবেশী ১ (এক) কাঠা বাস্তু জমি ও তদুপরিস্থিত একতলা বর্গফুট টালির ছাউনি বিশিষ্ট ইষ্টক নির্মিত গৃহাদি সমেত সংলগ্ন চার ফুট কমন প্যাসেজের সর্ববিধ যাতায়াতের রাইট অফ ইজমেন্ট স্বত্ব সমেত সম্পত্তি আমি আমার উক্ত পুত্র শ্রীমান সত্যেন ঘোষকে দান করিবার প্রস্তাব করিলে তিনি উক্ত দান গ্রহণে সম্মতি জ্ঞাপন করিলে অদ্য তারিখে তাহার নাম বরাবর আমি এত দানপত্র দলিল সম্পাদন করিতেছি এবং এত দানপত্র দলিল মূলে কমবেশী ১ (এক) কাঠা বাস্তু জমি ও তদুপরিস্থিত একশত বর্গফুট ইষ্টক নির্মিত টালির ছাউনি বিশিষ্ট গৃহাদি যাহা জেলা দক্ষিণ ২৪ পরগণা, পরগণা - খাসপুর, থানা - কসবা, এ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রী অফিস - শিয়ালদহ, জেলা রেজিস্ট্রী অফিস - আলিপুর, দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৬ নম্বর ওয়ার্ডের অন্তর্গত, ৬৮৪, পূর্বাচল মেইন রোড, কলকাতা - ৭০০ ০৭৮, কে.এম.সি. প্রেমিসেস নং উক্ত এবং ১/১, বিধান লেন, পূর্বাচল, থানা - কসবা, কলকাতা - ৭০০ ০৭৮, ডাক মাকিন যুক্ত, এত জেলা কালেক্টারীর ১৫৫ নম্বর তৌজি উক্ত, রে:সা: নম্বর ১, জে: এল: নম্বর ১১, মৌজা - গড়ফা গ্রামে, সি.এস. ৮৫৭ ও ৮২১ নম্বর খতিয়ানে লিখিত ১৪০৫ নম্বর দাগস্থিত, আর.এস. ১৫৪১ ও ১৫৪২ নম্বর খতিয়ানে লিখিত ১৪৪০ নম্বর দাগস্থিত তথা ৪ (চার) ফুট প্রশস্থ কমন

Ashirbad Reality Pvt.Ltd ৫.

Director

Sukumar Ghosh
Satyen Ghosh



প্যাসেজ সংলগ্ন সম্পত্তি-ই এই দানকৃত সম্পত্তি হইতেছে তাহা এই তপশীলে বিশদ ভাবে বর্ণিত ও এই সাথে গ্রথিত নক্সায় লাল রঙের সীমা দ্বারা চিহ্নিত তথা নির্দিষ্টকৃত উহার খাস খোলসা দখল প্রদান করিয়া উহা হইতে আমি চিরতরে নি:স্বত্ব ও দখলচ্যুত হইয়া এতদ্দ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তিতে আমার যে স্বত্ব দখল অধিকার হক হকিকৎ দাবী দাওয়া প্রভৃতি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে এই দানপত্র দলিলের বনিয়াদে চিরতরে রদ, রহিত, বিলুপ্ত ও ধ্বংশ হইয়া সর্বতোভাবে অদ্য হইতে এই দানপত্র দলিল মূলে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার নিযুক্ত হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরবর্তী ব্যক্তি গণক্রমে বংশানুক্রমে ভোগদখল করিতে থাকুন এবং সর্ব প্রকার দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা সর্ববিধ বন্ধকাদির দ্বারা সর্ববিধ হস্তান্তর এবস্থান্তর ও রূপান্তরাদি করণের ক্ষমতা যুক্ত যদিচ্ছা সহকারে ভোগ দখল করিতে থাকুন উহাতে আমি এবং আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিবে না বা পারিবেক না। করিলেও তাহা সর্বদা ও সর্ব প্রকার অফিস আদালত বাতিল, নামঞ্জুর, অগ্রাহ্য বলিয়া গণ্য হইবেক। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হইয়া প্রয়োজনীয় অফিসাদিতে ও স্থানীয় মিউনিসিপ্যাল কর্পোরেশনে আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন করত: উহার ট্যাক্সাদি আদায় দিয়া পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমি এবং আমার ওয়ারিশানগণ কেহ ওজরাপত্তি করিব না বা করিবেক না। করিলেও তাহা আইনত: বাতিল ও অগ্রাহ্য হইয়া যাইবে।

পৃ: - ৬.

Ashirbad Reality Pvt.Ltd
Director

উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায় থাকা অবস্থায় আপনাকে এত্র দলিল বলে নিঃশর্তে দান করতঃ উহার খাস দখল প্রদান করিয়া উহা হইতে আমি চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

যদি ভবিষ্যতে এত্র দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় এবং তজ্জন্য কোন প্রকার সংশোধনী দলিল করিবার আবশ্যক হয় তাহাও আমি আপনার তলব মত আপনার অনুকূলে দায় ওয়ারিশান এর অনুকূলে এত্র ভুল সংশোধনী দলিল বা স্বত্ত্বের পোষক দলিল যথারীতি সহি সম্পাদন করিয়া রেজিষ্ট্রী করিয়া দিতে আমি দায় ওয়ারিশান গণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম, উহাতে আমার বা কাহারও কোন ওজর আপত্তি আইনতঃ অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে।

দানকৃত সম্পত্তির মূল্য ২,৫০,০০০/- ( দুই লক্ষ পঞ্চাশ হাজার ) টাকা মাত্র।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় নিজ হিতার্থে এত্র দলিল পাঠ করিয়া শুনিয়া উহার মর্ম্ম সম্যক অবগত হইয়া অদ্যকার তারিখে আপনার নাম বরাবর এত্র দানপত্র দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা ১৪১৮ সালের ১৫ ই কার্তিক, মোতাবেক ইংরাজী ২০১১ সালের ২রা নভেম্বর।

দানকৃত সম্পত্তির তপশীল পরিচয়
******************************

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, পরগণা - খাসপুর, থানা - কসবা, হাল গড়ফা,

Ashirbad Reality Pvt.Ltd
Director

পৃঃ - ৭.

এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রী অফিস - শিয়ালদহ, জেলা রেজিস্ট্রী অফিস - আলিপুর, দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৬ নম্বর ওয়ার্ডের অন্তর্গত ৬৮৪, পূর্বাচল মেইন রোড, কলকাতা - ৭০০ ০৭৮ কে.এম.সি. প্রেমিসেস নং ভুক্ত এবং ১।১, বিধান লেন, পূর্বাচল, থানা - কসবা, কলকাতা - ৭০০ ০৭৮, ডাক মাশুল যুক্ত, অত্র জেলা কালেক্টারীর ১৫৫ নম্বর তৌজি ভুক্ত, রে: সা: নম্বর - ২, জে: এল: নম্বর - ১১, মৌজা - গড়ফা গ্রামে, সি. এস. ৮৫৭ ও ৮২১ নম্বর খতিয়ানে লিখিত ১৪০৫ নম্বর দাগস্থিত আর. এস. ১৫৪১ ও ১৫৪২ নম্বর খতিয়ানে লিখিত, ২৪৪০ নম্বর দাগস্থিত পশ্চিম দিকের অর্থাৎ সংলগ্ন ৪' (চার) ফুট কমন প্যাসেজের সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ পূর্বদিকের কমবেশী ১ (এক) কাঠা বাস্তু জমি ও তদুপরিস্থিত ১০০ ( একশত ) বর্গফুটের টালির ছাউনি বিশিষ্ট ইষ্টক নির্মিত গৃহাদি অত্র দানপত্র মূলে দানকৃত সম্পত্তি হইতেছে, যাহা অত্র সাথ গ্রথিত নক্শায় বা ম্যাপে ''লাল'' রঙের সীমা দ্বারা চিহ্নিত ও নির্দিষ্টকৃত অর্থাৎ উক্ত নক্শা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

উহার চৌহদ্দি
*************

উত্তর : দাগ নম্বর - ২৪৪০

দক্ষিণ : ৪' (চার) ফুট কমন প্যাসেজ ও শ্রীমতি লক্ষ্মীরাণী ঘোষ।

পূর্ব : দাগ নম্বর - ১৪৪১ ।

Ashirbad Reality Pvt.Ltd
Director

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name SUKUMAR GHOSH

Signature Sukumar Ghosh

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name SATYEN GHOSH

Signature Satyen Ghosh

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..............................

Signature ..............................

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..............................

Signature ..............................

Ashirbad Realty Pvt.Ltd

Director

পশ্চিম : ৪' (চার) ফুট কমন প্যাসেজ এবং অন্যের বাড়ি,

দানপত্র দাতার স্বাক্ষর

ই সা দি
**********

১।

২।

আমি আমার পিতার দান বিনম্রচিত্তে গ্রহণ করিলাম।

দানপত্র গ্রহীতার স্বাক্ষর

মুসাবিদাকারক
************
শ্রী সৌমেন ভট্টাচার্য্য
আইনজীবি
আলিপুর জজ কোর্ট,
কলকাতা - ৭০০ ০২৭ ।

টাইপ কারক
**********
তপন তালুকদার
আলিপুর জজ কোর্ট, কল-২৭ ।

Ashirbad Reality Pvt.Ltd
Director

...ate of Registration under section 60 and Rule 69.

...egistered in Book - I
...CD Volume number 17
Page from 6415 to 6429
being No 08473 for the year 2011.

Seal of the District Sub-Registrar III, South 24 Parganas

(Rajendra Prasad Upadhyay) 02-November-2011
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
Office of the D.S.R.-III SOUTH 24-PARGANAS
West Bengal

Dist. Sub-Registrar - III
Alipore, South 24 Parganas

Ashirbad Reality Pvt.Ltd

Director

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the D.S.R.-III SOUTH 24-PARGANAS, District- South 24-Parganas
Signature / LTI Sheet of Serial No. 08994 / 2011, Deed No. (Book - I , 08473/2011)

Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Sri Sukumar Ghosh | Sukumar Ghosh 2.11.2011 |

I . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Sukumar Ghosh<br>Address -9, Bidhan Lane, Purbachal, Kolkata, Thana:-Kasba, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700078 | Self | <br>02/11/2011 | LTI<br>02/11/2011 | Sukumar Ghosh<br>2-11.2011 |
| 2 | Satyen Ghosh<br>Address -9, Bidhan Lane, Purbachal, Kolkata, Thana:-Kasba, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700078 | Self | <br>02/11/2011 | LTI<br>02/11/2011 | Satyen Ghosh<br>2.11.011 |

**Name of Identifier of above Person(s)**
Soumen Bhattacharya
9/2/1, Nepal Bhattacherjee Street, Kolkata,
Thana:-Kalighat, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700026

**Signature of Identifier with Date**
Soumen Bhattacharji
2.11.11

Ashirbad Reality Pvt.Ltd
Director

2 NOV 2011
(Rajendra Prasad Upadhyay)
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
Office of the D.S.R.-III SOUTH 24-PARGANAS


02/11/2011

Government Of West Bengal

Office Of the D.S.R.-III SOUTH 24-PARGANAS

District:-South 24-Parganas

Endorsement For Deed Number : I - 08473 of 2011

(Serial No. 08994 of 2011)

**On**

**Payment of Fees:**

**On 02/11/2011**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i),4 of Indian Stamp Act 1899.

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 15435/-, on 02/11/2011

( Under Article : A(1) = 15389/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on 02/11/2011 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed for Gift in Favour of family members has been assessed at Rs.- 1400000/- for the chargeability of the stamp duty and registration fees.

Certified that the required stamp duty of this document is Rs.- 7020 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 2030/- is paid, by the draft number 578423, Draft Date 01/11/2011, Bank Name State Bank of India, ALIPORE, received on 02/11/2011

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 13.02 hrs on :02/11/2011, at the Office of the D.S.R.-III SOUTH 24-PARGANAS by Sri Sukumar Ghosh ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 02/11/2011 by

1. Sri Sukumar Ghosh, son of Lt Aswini Kr. Ghosh , 9, Bidhan Lane, Purbachal, Kolkata, Thana:-Kasba, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700078 , By Caste Hindu, By Profession : Retired Person
2. Sri Satyen Ghosh, son of Sri Sukumar Ghosh , 9, Bidhan Lane, Purbachal, Kolkata, Thana:-Kasba, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700078 , By Caste Hindu, By Profession : Business

2 NOV 2011

( Rajendra Prasad Upadhyay )

DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS



02/11/2011 13:45:00

Ashirbad Realty Pvt.Ltd

Director

## Government Of West Bengal

**Office Of the D.S.R.-III SOUTH 24-PARGANAS**
**District:-South 24-Parganas**

**Endorsement For Deed Number : I - 08473 of 2011**

**(Serial No. 08994 of 2011)**

Identified By Soumen Bhattacharya, son of . , 9/2/1, Nepal Bhattacherjee Street, Kolkata, Thana:-Kalighat, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700026 , By Caste: Hindu, By Profession: Advocate.

( Rajendra Prasad Upadhyay )
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS

Ashirbad Reality Pvt.Ltd
Director

2 NOV 2011

( Rajendra Prasad Upadhyay )
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS



02/11/2011 13:45:00